

# কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য রাশেদুল ইসলাম

শেকুবি সংবাদদাতা

প্রকাশ : ০২ ডিসেম্বর ২০২৪, ১৫:৩০



কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকুবি) কীটতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. মুহা. রাশেদুল ইসলাম। সোমবার (২ ডিসেম্বর) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখার উপসচিব মো. শাহীনুর ইসলাম স্বাক্ষরিত প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়েছে।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

এতে বলা হয়, রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমতিক্রমে কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয় আইন ২০২১ এর ১০ (১) ধারা অনুসারে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে কীটতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. মুহা. রাশেদুল ইসলামকে কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে নিয়োগ প্রদান করা হলো।

প্রজ্ঞাপনে নিয়োগের বিষয়ে কিছু শর্ত দেওয়া হয়। সেগুলো হলো উপাচার্য হিসেবে তার নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ হতে ৪ (চার) বছর হবে। উপাচার্য পদে তিনি তার বর্তমান পদের সমপরিমাণ বেতনভাতাদি পাবেন। তিনি বিধি অনুযায়ী পদসংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন। তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অবস্থান করবেন এবং রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় তার এ নিয়োগ বাতিল করতে পারবেন।

ইন্ডেক্স/জেডএইচডি